সমকাল

তারিখ 17 JAN 2016
পৃষ্ঠা ২ কলাম ৪

# বিশ্বসাহিত্য কেন্দ্রের বই পড়া কর্মসূচির পুরস্কার বিতরণ

■ সমকাল প্রতিবেদক

মঞ্চের সামনে দুই সহস্রাধিক শিক্ষার্থী। সন্ধ্যা আলোকিত হলো তাদের হাতে থাকা মোমবাতির আলোয়। কণ্ঠে কণ্ঠ মিলিয়ে গেয়ে উঠল 'আগুনের পরশমণি ছোঁয়াও প্রাণে'। এরই মধ্য দিয়ে অনুষ্ঠিত হলো বিশ্বসাহিত্য কেন্দ্রের দু'দিনের বই পড়া কর্মসূচির পুরস্কার বিতরণী অনুষ্ঠান। এতে বই পুরস্কার পেয়েছে ঢাকা মহানগরীর ১১৫টি বিদ্যালয়ের প্রায় সাড়ে ছয় হাজার শিক্ষার্থী।

রমনা উদ্যানের বটমূলে শুক্রবার শুরু হওয়া আয়োজনের সমাপনী দিনে গতকাল শনিবার ঢাকা মহানগরীর ৩১টি স্কুলের দুই হাজার ১২১ জন ছাত্রছাত্রী পুরস্কার গ্রহণ করে। পুরস্কার তুলে দেন বিশ্বসাহিত্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ, সেন্টার ফর পলিসি ডায়ালগের ফেলো অর্থনীতিবিদ ড. দেবপ্রিয় ভট্টাচার্য, জাদুশিল্পী জুয়েল আইচ, নাট্যজন খায়রুল আলম সবুজ, রিহ্যাবের সাবেক সভাপতি প্রকৌশলী মো. আবদুল আউয়াল, শিশুসাহিত্যিক আলী ইমাম প্রমুখ।

আবদুল্লাহ আবু সায়ীদ বলেন, ৩৭ বছর আগে মাত্র ১৫ জন পাঠক নিয়ে বিশ্বসাহিত্য কেন্দ্রের পথচলা শুরু। বর্তমানে পাঠক সংখ্যা কয়েক লাখ গুণ বেড়েছে। সারা বিশ্বে বই পড়া লোকের সংখ্যা কমে গেলেও আমাদের দেশে এ সংখ্যা অনেক বেড়েছে।

ড. দেবপ্রিয় ভট্টাচার্য বলেন, প্রযুক্তি যতই এগিয়ে যাক না কেন ছাপা অক্ষরে বই পড়ার মজা সবচেয়ে বেশি। তাই বিশ্বসাহিত্য কেন্দ্রের বই পড়া কর্মসূচি ব্যাপক জনপ্রিয়তা পেয়েছে, ভবিষ্যতে এর জনপ্রিয়তা আরও বাড়বে। এ আয়োজনে সার্বিক সহযোগিতা করেছে গ্রামীণফোন।